গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.১৫৪

তারিখ: ২০ বৈশাখ ১৪২৪ / ০৩ মে ২০১৭

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর ভিত্তিক নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভা (২য় রাউন্ড)।

সূত্র: একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম-এর ৩১/০৭/২০১৬ তারিখের ০৩.৮০৩.০০২.০০.০০.০১০.২০১৬.১৫৮০ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের মাধ্যমে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রানুযায়ী সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে আগামী ২১ মে ২০১৭ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১১.০০ টায় মন্ত্রিপরিষদ কক্ষে (কক্ষ নম্বর: ৩০৪, ভবন-১, বাংলাদেশ সচিবালয়) তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা/সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। **উক্ত সভায় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।**

২। উক্ত সভায় যথাসময়ে তাঁকে এবং সংযুক্ত তালিকা মোতাবেক তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অধিকন্তু, তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ক তথ্য আগামী ১৫ মে ২০১৭ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক হার্ডকপি ও সফটকপি (ই-মেইল: eg_sec@cabinet.gov.bd এবং ashokeyeh.2002@gmail.com) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩।৫।১৭
(মোঃ শাহগীর আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
E-mail: eg_sec@cabinet.gov.bd

বিতরণ:
১। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়।
২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

নং-২৯.০০.০০০০.২১৩.১৮.০২৯.১৫- ৮৭৪

তারিখঃ ১৪/০৫/২০১৭ খ্রিঃ

পত্রের যাহিত তথ্য মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ কর্মকর্তা মনোনয়ন ও স্ব স্ব সংস্থার উদ্ভাবনী প্রতিবেদন আগামী ১৬/০৫/২০১৭ তারিখের মধ্যে অত্র শাখায় হার্ডকপি ডাকযোগে এবং সফট্ কপি ফ্যাক্স/ই-মেইলে প্রেরণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্নবাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৫। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিষ্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।
৬। অফিস কপি।

১৪/৫/১৭
(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৪৩
Email: a.mochta@yahoo.com

স্মারক নং:০৩.৮০৩.০০২.০০.০০.০১০.২০১৬/ ১৫৮০ তারিখ: ৩১ জুলাই ২০১৬

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে মন্ত্রণালয় ও অধিদপ্তর ভিত্তিক নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জানানো যাচ্ছে যে জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানে মাঠপর্যায়ের সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে বিভাগীয় পর্যায়ে ৫ দিন ও মন্ত্রণালয়/অধিদপ্তর/জেলা পর্যায়ে ২ দিন ব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। কর্মকর্তাদের প্রায়োগিক সক্ষমতা বৃদ্ধি এব অআইডিয়া চূড়ান্ত করার জন্য ঢাকায় ৩ দিনব্যাপী দ্বিতীয় পর্যায়ের 'উদ্ভাবন প্রকল্প ডিজাইন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের উদ্যোগে এ পর্যন্ত সারাদেশে ৫৪৫ টি উদ্ভাবনী পাইলট প্রকল্প চলমান রয়েছে এবং ইতোমধ্যে ১৭০টি প্রকল্পের পাইলটিং সমাপ্ত হয়েছে। সমাপ্ত প্রকল্পগুলি ৬টি মন্ত্রণালয় কর্তৃক পর্যালোচনা করে ৩৩টি উদ্যোগ রেপ্লিকেশন এবং ২৬টি উদ্যোগ বৃহত্তর পাইলটিং এর জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছে। যা বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় ও অধিদপ্তরসমূহ পরিকল্পনা প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। উল্লেখ্য, বর্তমানে ২৬টি মন্ত্রণালয় ও ৩৫টি অধিদপ্তর/সংস্থায় নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক পাইলটিং কার্যক্রম চলমান এবং অন্যান্য মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

২। এরই ধারাবাহিকতায় এই কার্যক্রমকে আরো বেগবান ও ফলপ্রসূ করার লক্ষ্যে সকল মন্ত্রণালয় ও তাঁর আওতাধীন অধিদপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সাথে নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের নিয়মিত পর্যালোচনা/সমন্বয় সভা আয়োজন দরকার। উক্ত পর্যালোচনা সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব/চীফ ইনোভেশন অফিসার/মহাপরিচালক/ ইনোভেশন অফিসার/ইনোভেশন টিমের নির্বাচিত ৩০ জন সদস্য অংশগ্রহণ করতে পারে। আগামী আগষ্ট-ডিসেম্বর মাসের সুবিধাজনক সময়ে প্রতিমাসে একাধিক ব্যাচে মন্ত্রণালয়-অধিদপ্তরভিত্তিক এ ফলোআপ কার্যক্রম আয়োজন করা যেতে পারে। কর্মশালার সার্বিক ব্যয় এটুআই প্রোগ্রাম থেকে বহন করা হবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে উল্লেখিত বিষয়ে সভাগুলি আয়োজন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সার্বিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
ইমেইলঃ kabirbinanwar@pmo.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১. জনাব মানিক মাহমুদ, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট স্পেশালিষ্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।

## মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার জন্য কর্মকর্তাগণের নামের তালিকা (২য় রাউন্ড)

২১ মে ২০১৭

| ক্রমিক নং | তারিখ | মন্ত্রণালয়/বিভাগের নাম | অংশগ্রহণকারী সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | মন্ত্রণালয়/বিভাগ (সিনিয়র সচিব/সচিব, চীফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিমের নির্বাচিত ১ জন সদস্য) | অধিদপ্তর/সংস্থা (চেয়ারম্যান/মহাপরিচালক/নির্বাহী পরিচালক/পরিচালক এবং ইনোভেশন অফিসার) ব্যাংক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে (উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং জেনারেল ম্যানেজার (প্রশাসন)/ ইনোভেশন অফিসার) | মোট সংখ্যা |
| ১ | ২১ মে ২০১৭<br>সকাল : ১১.০০ টায় | শিল্প মন্ত্রণালয় | ৩ জন | • বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন- ২জন<br>• বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন- ২জন<br>• বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট- ২জন<br>• বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন- ২জন<br>• বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন- ২জন<br>• বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন- ২জন<br>• বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) - ২জন<br>• পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর- ২জন<br>• ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) - ২জন<br>• প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়- ২জন<br>• বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড- ২জন | ২৫ জন |
| | | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ৩ জন | • খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ- ২ জন<br>• বান্দরবন পার্বত্য জেলা পরিষদ- ২ জন<br>• রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ- ২ জন<br>• পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি- ২ জন<br>• উদ্বাস্তু পুনর্বাসন টাস্ক ফোর্স- ২ জন<br>• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড- ২ জন | ১৫ জন |
| | | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ৩ জন | • শ্রম পরিদপ্তর- ২জন<br>• কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর- ২জন<br>• শ্রম আপীল ট্রাইব্যুনাল- ২জন<br>• নিম্নতম মজুরী বোর্ড- ২জন<br>• জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল- ২জন<br>• বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন- ২জন | ১৫ জন |
| | | | | মোট | ৫৫ জন |

# বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা (২য় রাউন্ড)

তারিখঃ ২১ মে ২০১৭ সময়ঃ সকাল ১১.০০ টায়। স্থানঃ মন্ত্রিপরিষদ সভাকক্ষ।

আয়োজনেঃ মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।

প্রধান অতিথি : জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব।

সভাপতি : জনাব এন এম জিয়াউল আলম, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

সভার আলোচ্য বিষয়

ক. বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রঃনং | বিষয় | মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত | সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১. | ইনোভেশন টিম সর্বশেষ পুনর্গঠন | | |
| ২. | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নের তারিখ | | |
| ৩. | ক. ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির হার (মন্ত্রণালয়) [২০১৬ এবং ২০১৭ সালের বাস্তবায়ন অগ্রগতির হার আলাদাভাবে উল্লেখ করতে হবে] | | |
| | খ. ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (অধিদপ্তর/সংস্থা) [২০১৬ এবং ২০১৭ সালের বাস্তবায়ন অগ্রগতির হার আলাদাভাবে উল্লেখ করতে হবে] | | |
| ৪. | বিগত ৬ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার সংখ্যা (তারিখ) (সভার কার্যবিবরণী যুক্ত করতে হবে) | | |
| ৫. | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ সংখ্যা (উদ্ভাবনী প্রশিক্ষণ/ক্যাসকেডিং কর্মশালা/অন্যান্যভাবে) | | |
| ৬. | ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রশিক্ষক দিয়ে সহায়তা করবে) | | |
| ৭. | মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ে কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ সংখ্যা | | |
| ৮. | মন্ত্রণালয়/অধিদপ্তরের আয়োজনে উদ্ভাবনী উদ্যোগ নিয়মিত পর্যালোচনা (তারিখসহ) | | |
| ৯. | মাঠ পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগ পর্যালোচনা/শোকেসিং: (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সম্পৃক্ততায়) | | |
| ১০. | মন্ত্রণালয়/ অধিদপ্তর/মাঠ পর্যায়ের কতটি উদ্ভাবনী উদ্যোগ স্কেলআপ/রেপ্লিকেশনের সিদ্ধান্ত নেয়া হয়েছে? (শিরোনামসহ) | মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়:<br><br>মাঠ পর্যায়: | |
| ১১. | রেপ্লিকেশন সম্পন্ন করা উদ্ভাবনী উদ্যোগ সংখ্যা (শিরোনামসহ) | মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়:<br><br>মাঠ পর্যায়: | |
| ১২. | উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করার তারিখ (প্রথম ও দ্বিতীয় ব্যাচ) | | |
| ১৩. | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কত জন কর্মকর্তাকে প্রণোদনা প্রদান করা হয়েছে? (পুরস্কার/ডিও লেটার/স্বীকৃতি ইত্যাদি) | | |

০৩.০৫.১৭

| | | | |
|---|---|---|---|
| ১৪. | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়/মন্ত্রণালয়ের কত জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে? | | |
| ১৫. | কত জন কর্মকর্তা উদ্ভাবককে সহায়তা করার জন্য মেন্টরিং-এ যুক্ত আছেন? | | |
| ১৬. | মেন্টর প্রশিক্ষণ আয়োজন করার তারিখ | | |
| ১৭. | ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সেশন যুক্ত করা | | |
| ১৮. | জেলা-উপজেলা অফিসসহ দপ্তরভিত্তিক ফেসবুক পেজ তৈরি এবং ফেসবুক পেজের লিংক স্ব স্ব দপ্তরের পোর্টালের 'সামাজিক যোগাযোগ' বাটনে যুক্ত করা | | |
| ১৯. | সোশ্যাল মিডিয়ার মাধ্যমে দ্রুত নাগরিক সমস্যা সমাধান ও দাপ্তরিক কাজে সিদ্ধান্ত গ্রহণ করার দৃষ্টান্তের সংখ্যা (বিষয়সহ) | | |
| ২০. | <u>সার্ভিস ইনোভেশন ফান্ড</u><br>ক. মন্ত্রণালয়/অধিদপ্তর সংশ্লিষ্ট সার্ভিস ইনোভেশন ফান্ড পাওয়া কয়টি উদ্ভাবনী উদ্যোগ চলমান আছে এবং তার অগ্রগতি:<br>খ. উদ্যোগসমূহের পাইলট সম্পন্ন হওয়ার পরে প্রসারের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ কি ভূমিকা রাখবে? ইতোমধ্যে সম্পন্ন প্রকল্পগুলোর প্রসারের ক্ষেত্রে পরিকল্পনা কি? | | |
| ২১. | <u>ই- সার্ভিস</u><br>মন্ত্রণালয়/অধিদপ্তরে ই-সেবা (প্রশিক্ষণের পরে) বাস্তবায়নের অগ্রগতি ও পরবর্তী পরিকল্পনা | | |

০৩/০৫/১৭

# মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি বিষয়ক ছক

(পর্যালোচনা সভায় শুধুমাত্র প্রথমবারের মতো উপস্থিত অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য প্রযোজ্য)

১. মন্ত্রণালয়ের নামঃ

২. অধিদপ্তর/সংস্থার নাম (অধিদপ্তরের ক্ষেত্রে):

৩. ইনোভেশন টিম এর সভা সংক্রান্ত তথ্যঃ

ক. ইনোভেশন টিম সর্বশেষ পুনর্গঠনের তারিখ:

খ. বিগত ৬ মাসে অনুষ্ঠিত সভাসমূহের তারিখ (কার্যবিবরণী সংযুক্ত করতে হবে):

**৪. ক. ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নের তারিখঃ**

খ. ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতিঃ

| কর্মপরিকল্পনায় কতটি কার্যক্রম (Action Item) যুক্ত আছে | কতটি কার্যক্রম শুরু হয়েছে ? | যেগুলো হয়েছে, সেগুলোর আনুমানিক অগ্রগতির হার (%) | পরিকল্পিত সময় অনুযায়ী কতটি কার্যক্রম সম্পন্ন হবে বলে প্রত্যাশা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**৫. উদ্ভাবনী পাইলট উদ্যোগ সংক্রান্ত তথ্যঃ**

ক. মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী পাইলট উদ্যোগের সংখ্যা (উদ্ভাবনী প্রশিক্ষণ/ক্যাসকেডিং কর্মশালা/অন্যান্যভাবে গৃহীত তালিকা সংযুক্ত করতে হবে):

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী পাইলট উদ্যোগ সংখ্যা (তালিকা সংযুক্ত করতে হবে):

**৬. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ**

ক. নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে কি (প্রথম ও দ্বিতীয় ব্যাচ)?

খ. নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়ে থাকলে তার তারিখঃ

গ. ২ দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা না হয়ে থাকলে, আয়োজনের পরবর্তী সম্ভাব্য তারিখ:

ঘ. নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ হতে প্রাপ্ত উদ্যোগসমূহের তালিকা সংযুক্ত করতে হবে।

ঙ. ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রশিক্ষক দিয়ে সহায়তা করবে)

চ. মন্ত্রণালয়/অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কারিকুলামে ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সংক্রান্ত বিষয় মূল কোর্সে অর্ন্তভূক্ত হয়েছে কিনা? হয়ে থাকলে প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম:

৭. উদ্ভাবনী পাইলট পর্যালোচনা ও মনিটরিং সংক্রান্ত তথ্য:

ক. মন্ত্রণালয়/অধিদপ্তরে আয়োজনে মাঠ পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ পর্যালোচনা করা হয়েছে কি ((মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায় যদি হয়ে থাকে)?

খ. হয়ে থাকলে সর্বশেষ পর্যালোচনার তারিখ:

গ. উদ্ভাবনী পাইলট মনিটরিং, ফলোআপ ও পরিদর্শন সংক্রান্ত যেকোন তথ্য (কার্যক্রমের অগ্রগতি নিম্নোক্ত ছকে প্রদান করতে হবে):

| উদ্যোগের শিরোনাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | |

ঘ. আপনার মন্ত্রণালয়/ অধিদপ্তর থেকে মাঠ পর্যায়ের মোট কতটি উদ্ভাবনী পাইলট স্কেলআপ/রেপ্লিকেশন করার জন্য (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআইয়ের সম্পৃক্ততায় শোকেসিং এর মাধ্যমে) সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে?

ঙ. উদ্ভাবনী পাইলট স্কেলআপ/রেপ্লিকেশন সংক্রান্ত তথ্য:

| উদ্যোগের শিরোনাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের সুনির্দিষ্ট অগ্রগতি |
|---|---|---|
| | | |

চ. ইতোমধ্যে স্কেলআপ/রেপ্লিকেশন সম্পন্নকৃত উদ্ভাবনী পাইলট উদ্যোগ সংক্রান্ত তথ্য:

| উদ্যোগের শিরোনাম | পরবর্তী পরিকল্পনা |
|---|---|
| | |

ছ. মন্ত্রণালয়/অধিদপ্তরের কতটি উদ্ভাবনী উদ্যোগ স্কেলআপ/রেপ্লিকেশন করা হয়েছে? (শিরোনামসহ)

জ. রেপ্লিকেশন সম্পন্ন করা মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ সংখ্যা (শিরোনামসহ)

৮. প্রণোদনা সংক্রান্ত তথ্যঃ

| মাঠ পর্যায় | |
|---|---|
| ক.উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কত জন কর্মকর্তাকে প্রণোদনা প্রদান করা হয়েছে? (পুরস্কার/ডিও লেটার/স্বীকৃতি ইত্যাদি) | খ. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কত জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে? (তালিকা সংযুক্ত করতে হবে।) |
| | |

| মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায় | |
|---|---|
| গ. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ের কতজন কর্মকর্তাকে প্রণোদনা প্রদান করা হয়েছে? (পুরস্কার/ডিও লেটার/স্বীকৃতি ইত্যাদি) | ঘ. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ের কত জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে? (তালিকা সংযুক্ত করতে হবে।) |
| | |

৯. উদ্ভাবনে মেন্টরিং সংক্রান্ত তথ্যঃ

ক. উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তরে মেন্টরিং কার্যক্রম হচ্ছে কিনা? হলে, এটি কিভাবে তারা করছে?

খ. উদ্ভাবককে সহায়তা করার জন্য মন্ত্রণালয়/অধিদপ্তরে কতজন মেন্টরিং-এ যুক্ত আছে?

গ.আরো কত জন কর্মকর্তার মেন্টর হওয়া দরকার? মন্ত্রণালয়/অধিদপ্তরের উদ্যোগে (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায়)তাদের জন্য মেন্টর প্রশিক্ষণের আয়োজন করার তারিখ?

ঘ. মেন্টর প্রশিক্ষণ আয়োজন করার তারিখ:

১০. সোস্যাল মিডিয়াঃ

ক. মন্ত্রণালয়/দপ্তর/জেলা-উপজেলা অফিস ভিত্তিক ফেসবুক পেজ তৈরি হয়েছে কি না? হলে, এটি কিভাবে এর ব্যবহার করা হচ্ছে?

খ. ফেসবুক পেজের লিংক স্ব স্ব দপ্তরের পোর্টালের 'সামাজিক যোগাযোগ' বাটনে যুক্ত করা আছে কিনা?

গ. জেলা-উপজেলার ফেসবুক পেজের মাধ্যমে দ্রুত নাগরিক সমস্যা সমাধানের সংখ্যা?

ঘ. সোশ্যাল মিডিয়ার মাধ্যমে দ্রুত নাগরিক সমস্যা সমাধান ও দাপ্তরিক কাজে সিদ্ধান্ত গ্রহণ করার দৃষ্টান্তের সংখ্যা (বিষয়সমূহ)

১১. সার্ভিস ইনোভেশন ফান্ড

ক. আপনার মন্ত্রণালয়/অধিদপ্তর সংশ্লিষ্ট সার্ভিস ইনোভেশন ফান্ড পাওয়া কয়টি উদ্ভাবনী উদ্যোগ চলমান আছে এবং তার অগ্রগতি:

খ. উদ্যোগসমূহের পাইলট সম্পন্ন হওয়ার পরে প্রসারের ক্ষেত্রে মন্ত্রণালয় কি ভূমিকা রাখবে? ইতোমধ্যে সম্পন্ন প্রকল্পগুলোর প্রসারের ক্ষেত্রে পরিকল্পনা কি?

১২. ই- সার্ভিস

আপনার মন্ত্রণালয়/অধিদপ্তরে ই-সেবার বাস্তবায়নে (প্রশিক্ষণের পরে) অগ্রগতি ও পরবর্তী পরিকল্পনা:

এ ব্যাপারে তথ্যগত যে কোন ধরণের সহযোগিতার প্রয়োজন হলে নিম্নোক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

- জনাব অশোক বিশ্বাস, কনসালটেন্ট-ক্যাপাসিটি ডেভেলপমেন্ট, এটুআই প্রোগ্রাম
  মোবাইল-০১৭২৭-২২৪৪৯৯, ই-মেইল: ashokeyeh.2002@gmail.com